

Total No. of Printed Pages—5

**3 SEM TDC BNL MIL (C) 2**

**2 0 1 7**

( November )

**BENGALI**

( Modern Indian Language )

( Commerce )

Course : 302

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

**Candidates eligible for Internal Assessment shall  
answer Question Nos. 1 to 7**

**Full Marks : 80**

**Pass Marks : 32 / 24**

**Candidates not eligible for Internal Assessment shall  
answer Question Nos. 1 to 8**

**Full Marks : 100**

**Pass Marks : 40 / 30**

**ক—বিভাগ**

( মূল্যাংক : ৪০ )

১। এক কথায় উত্তর দাও :

১×৪=৪

(ক) “বাড়ীর গৃহিণী নাকি নিতান্তই লজ্জাশীলা, তাই অতিথির  
অভ্যর্থনার ভার স্বয়ং বধুমাতারই।” এই বধুমাতার নাম  
কী?

(খ) “বুড়ো আগে ছিল রেলের গার্ড, রিটায়ার করার পর একটা মুদীর দোকান দিয়েছিল—অনভিজ্ঞ লোক, তার উপর দোকান ভেঙে খেতো—ফলে দোকান গেল উঠে।”  
কার কথা বলা হয়েছে?

(গ) “তোমার তো ইহকালও নেই পরকালও নেই, চুরি করতে, ডাকাতি করতে, যা করতে ইচ্ছে হয় কর কিন্তু মেয়েটাকে আবার এর মধ্যে নিয়ে গিয়ে ওর মাথা খাওয়া কিসের জন্যে।” বক্তা কে?

(ঘ) নীলুকে কে হত্যা করতে চেয়েছিল?

২। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

৪×২=৮

(ক) “তুমি আর কোন্ আকাশ থেকে টাকা পেড়ে আনবে শুনি? তারানাথ রায়ের টাকাতো?” বক্তা কে?  
সংক্ষেপে তার চরিত্র পরিস্ফুট কর।

(খ) শোভন কে? তার সম্পর্কে যা জান, সংক্ষেপে লেখ।

(গ) “কোথায় আসবে তুমি মা? তুমি এইখানে গ্যাট হয়ে বসে থাকবে। হু ইজ হি! এ টাইরান্ট। আই উইল সি হিম!”  
বক্তা কে? কোন্ ঘটনার পরিপ্রেক্ষিতে তিনি এমন প্রতিক্রিয়া প্রকাশ করেছেন?

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১৪×২=২৮

(ক) অন্নপূর্ণার চরিত্র বিশ্লেষণ কর।

(খ) ‘অভিনেত্রী’ গল্পের নামকরণ বিচার কর।

(গ) “ট্রেনটা চলে গেল। কিন্তু মাহাতো গাঁয়ের সবাই ভিখিরী হয়ে গেল। ক্ষেতিতে চাষ করা মানুষগুলো সব—সব ভিখিরী হয়ে গেল।” মাহাতোদের ভিখিরী হয়ে যাওয়ার করুণ কাহিনী বর্ণনা কর।

## খ—বিভাগ

(মূল্যাংক: ১০)

- ৪। নিম্নলিখিত যে-কোন পাঁচটির পারিভাষিক বাংলা প্রতিশব্দ লিখে  
বুঝিয়ে দাও :

২×৫=১০

Ad valorem duty ; Disbursement account ;  
Accommodation bill ; Octroy duty ;  
Equitable asset ; Floating charges ;  
Inheritance tax ; Marginal productivity ;  
Parity of exchange.

## গ—বিভাগ

(মূল্যাংক: ১০)

- ৫। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও :

১০

(ক) তুমি একটি ছাপাখানা প্রতিষ্ঠাকল্পে বিদেশ থেকে একটি মুদ্রায়ন্ত্র (printing machine) কিনতে মনস্থ করেছ। আমদানির অনুমতি প্রার্থনা করে কেন্দ্রীয় বাণিজ্য মন্ত্রকের কাছে একখানি দরখাস্ত লেখ।

(খ) কোনো একটি ব্যাঙ্কে কয়েকজন সুদক্ষ হিসাবরক্ষক প্রয়োজন। তোমার যোগ্যতা, অভিজ্ঞতা, বয়স ও ন্যূনতম বেতন ইত্যাদি জানিয়ে একখানি আবেদনপত্র রচনা কর।

(গ) কোনো যৌথ কারবারী প্রতিষ্ঠানের জনৈক অংশীদার অপর অংশীদারের কাছে তাঁর মালিকানা বিক্রী করেছেন। শেষোক্ত অংশীদারই বর্তমান প্রতিষ্ঠানের একমাত্র স্বত্বাধিকারী, এই মর্মে একখানি প্রচারপত্র প্রস্তুত কর।

## ঘ—বিভাগ

(মূল্যাংক: ১০)

৬। নিম্নলিখিত যে কোনো একটি বিষয়ে নিবন্ধ রচনা কর :

১০

(ক) অসমে বিদ্যুৎ সংকট ও তার প্রতিকার

(খ) নিত্য প্রয়োজনীয় জিনিসের মূল্যবৃদ্ধি ও তার প্রতিকার

(গ) সম্প্রতি প্রবর্তিত জি. এস. টি. (GST)—ব্যবসায় ও জনজীবনে তার প্রভাব

(ঘ) বিজ্ঞাপনে সাহিত্য ও শিল্পকলার স্থান

## ঙ—বিভাগ

(মূল্যাংক: ১০)

৭। নিম্নলিখিত যে কোনো একটি বিষয়ে প্রতিবেদন প্রস্তুত কর :

১০

(ক) উত্তর-পূর্বাঞ্চলে একটি বিখ্যাত কোম্পানীর উৎপাদিত কয়েকটি পণ্যের চাহিদা

(খ) আসামের শিল্পক্ষেত্রে বিদেশী অর্থের বিনিয়োগের সম্ভাবনা

(গ) বিদেশী পণ্যের তুলনায় দেশী পণ্যের চাহিদা

## চ—বিভাগ

( মূল্যাংক : ২০ )

( আভ্যন্তরীণ মূল্যায়নের পরিবর্তে )

৮। (ক) 'নীলুর দুঃখ' গল্পে নীলু চরিত্রটি যেভাবে ফুটে উঠেছে তা তোমার নিজের ভাষায় পরিস্ফুট কর।

১০

(খ) নূতন বাজেট ঘোষণার সঙ্গে সঙ্গে বাজারে অনেক জিনিস অসঙ্গতরূপে দুর্মূল্য ও দুপ্রাপ্য হয়ে উঠেছে। এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করে কোনো পত্রিকায় প্রকাশের জন্য একখানি পত্র লেখ।

১০

★★★

www.prepon.com